আজকের কাগজ

তারিখ ... 13 JUL 1994
পৃষ্ঠা ৩ কলাম ২

05

# বৈষম্যহীন শিক্ষা ব্যবস্থার দাবিতে ময়মনসিংহে মিছিল

ময়মনসিংহে গত ৬ জুলাই শিক্ষা জাতীয়করণ বাস্তবায়ন পরিষদ বৈষম্যহীন শিক্ষা ব্যবস্থার দাবিতে ময়মনসিংহ জেলা প্রশাসক বরাবরে এক স্মারকলিপি পেশ করেছে। উক্ত পরিষদ এক বিরাট মিছিল সহকারে জেলা প্রশাসক কার্যালয়ে এই স্মারকলিপি পেশ করে। তারা সরকারি-বেসরকারি ছাত্র-ছাত্রীদের মধ্যে বৈষম্য তুলে ধরে এবং সরকার ঘোষিত শুধুমাত্র ছাত্রীদের বৃত্তি প্রদান ও অবৈতনিক শিক্ষা ব্যবস্থার প্রতিবাদ করেছে। তাদের দাবির মধ্যে রয়েছে সমস্ত শিক্ষা ব্যবস্থা জাতীয়করন করতে হবে। শিক্ষাকে সংবিধানে মৌলিক অধিকার হিসাবে স্বীকৃতি দিতে হবে, বৈষম্যহীন বিজ্ঞান ভিত্তিক অসাম্প্রদায়িক শিক্ষা ব্যবস্থা চালু করতে হবে ও দশম শ্রেণী পর্যন্ত সকল ছাত্র-ছাত্রীদের অবৈতনিক শিক্ষা দিতে হবে। এ সব দাবিতে বেশ কিছুদিন যাবত ময়মনসিংহে স্কুল ছাত্ররা মিছিল মিটিং চালিয়ে যাচ্ছে। ময়মনসিংহ থেকে শরীফুজ্জামান টিটু।